জনবান্ধব ভূমিসেবা অটোমেশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lmap.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০৫.০২৪.২২-১৪২৭

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪৩১
২৪ নভেম্বর ২০২৪

বিষয় : বর্তমান অনলাইন ই-মিউটেশন সিস্টেম, ই-পর্চা সিস্টেম এবং ভূমি উন্নয়ন কর সিস্টেম এর সংস্করণসমূহ বন্ধ ও অটোমেটেড ভূমিসেবা সংশ্লিষ্ট ৫ (পাঁচ) টি সফটওয়্যার অবমুক্তকরণ

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় ভূমিসেবা সংশ্লিষ্ট মানোন্নীত (২য় সংস্করণ) ৪টি সফটওয়্যার (মিউটেশন সিস্টেম, ভূমি উন্নয়ন কর সিস্টেম, ডিজিটাল রেকর্ড ও ম্যাপ ব্যবস্থাপনা সিস্টেম, ভূমি প্রশাসনিক ব্যবস্থাপনা সিস্টেম) এবং নব-সৃষ্ট ১টি সফটওয়্যার (ল্যান্ড সার্ভিস গেটওয়ে) জনগণের ব্যবহারের জন্য প্রস্তুত করা হয়েছে। এক্ষেত্রে, সফটওয়্যার ৫টি সারা দেশে প্রচলনের লক্ষ্যে গত প্রায় ৮ বছর যাবৎ ৪টি সফটওয়্যারের ১ম সংস্করণ ব্যবহারের ফলে সৃষ্ট/সঞ্চিত তথ্যসমূহ [যা বর্তমানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বরাদ্দকৃত জাতীয় তথ্যাধারের বিভিন্ন জায়গায় (Space) সংরক্ষিত রয়েছে] একত্রিত করে প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক জাতীয় তথ্যাধারের নির্ধারিত/বরাদ্দকৃত নতুন স্থানে (Space) সমন্বিতভাবে (Integrated) স্থানান্তর, সমন্বয় সাধন এবং তৎপরবর্তীতে নতুনভাবে সৃজিত ৫ (পাঁচ)টি সফটওয়্যার সেখানে স্থাপন, তথ্যের সাথে সংযোগ ও কার্যকারিতা সৃষ্টি করতে হবে। এসকল কর্মকান্ড পরিচালনার জন্য আগামী ২৬ নভেম্বর ২০২৪ সন্ধ্যা ৬টা হতে ১ ডিসেম্বর ২০২৪ সকাল ৯টা পর্যন্ত বর্তমানে অনলাইনে প্রচলিত/চালু ৩টি ভূমিসেবা (ই-মিউটেশন সিস্টেম, ই-পর্চা সিস্টেম এবং ভূমি উন্নয়ন কর সিস্টেম) বন্ধ রাখতে হবে। ১ ডিসেম্বর ২০২৪ সকাল ৯:৩০ টায় ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা মহোদয় আনুষ্ঠানিকভাবে নতুন/মানোন্নীত ৫টি সফটওয়্যারের সারাদেশ ব্যাপী প্রচলন/ব্যবহারের প্রাথমিক সূচনা (Soft Launching) করতে সদয় সম্মতি প্রদান করেছেন। তাঁর প্রাথমিক সূচনার মাধ্যমে পুরাতন/বর্তমানে প্রচলিত ভূমিসেবা সংক্রান্ত ওয়েবসাইটগুলো (https:// mutation.land.gov.bd; https://ldtax.gov.bd এবং https://eporcha.gov.bd) অবলুপ্ত হবে, স্বভাবতই সেগুলোর অস্তিত্ব না থাকায় নাগরিক ও অফিস ব্যবহারকারীগণের নিকট সেগুলো আর সুলভ হবে না। এরপর সারা মাস/ডিসেম্বর ২০২৪ ব্যাপী সফটওয়্যারগুলোর নতুন/মানোন্নীত সংস্করণের পরীক্ষামূলক প্রচলন (Test Run) চালু থাকবে, যা জনগণ ও অফিস ব্যবহারকারীগণ www.land.gov.bd-তে যথানিয়মে রেজিস্ট্রেশন/লগইন করে স্বাভাবিকভাবেই ব্যবহার করতে পারবে। (উল্লেখ্য, পুরাতন/বর্তমান সংস্করণ বন্ধ করার পূর্ব পর্যন্ত অর্থাৎ ২৬ নভেম্বর ২০২৪ সন্ধ্যা ৫:৫৯ পর্যন্ত সকল আবেদন/চলমান প্রক্রিয়া শেষ/নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সেগুলো উক্ত সংস্করণে অনুসৃত পদ্ধতিতে চলতে থাকবে, যা প্রশাসনিক ব্যবহারকারীগণ তাদের নতুন/মানোন্নীত সংস্করণে সহজেই খুঁজে, বুঝতে ও নিষ্পত্তি করতে পারবেন।) পরীক্ষামূলক প্রচলন অর্থাৎ ডিসেম্বর ২০২৪ এ নতুন/মানোন্নীত সংস্করণে কোন সমন্বয় ও সংশোধন (যদি প্রয়োজন হয়) শেষে প্রধান উপদেষ্টা মহোদয় আগামী ১ জানুয়ারি ২০২৫ এ সফটওয়্যার ৫ (পাঁচ)টি চূড়ান্তরূপে আনুষ্ঠানিকভাবে অবমুক্ত করবেন মর্মে আশা করা যাচ্ছে।

২। এমতাবস্থায়, আগামী ২৬ নভেম্বর ২০২৪ সন্ধ্যা ৬টা হতে ১ ডিসেম্বর ২০২৪ সকাল ৯টা পর্যন্ত বর্তমানে অনলাইনে প্রচলিত/চালু ৩টি ভূমিসেবা (ই-মিউটেশন সিস্টেম, ই-পর্চা সিস্টেম এবং ভূমি উন্নয়ন কর সিস্টেম) বন্ধ রাখার বিষয়টি সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিতকরণ, স্থানীয় সংবাদপত্রে প্রকাশ (প্রেস রিলিজ-সংযুক্ত) ও স্থানীয় ডিশ চ্যানেলসমূহে স্ক্রলাকারে প্রদর্শনসহ জনগণের মধ্যে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হ'ল।

Scanned with CamScanner

৩। বিষয়টি অতীব জরুরী।

24/11/2024

মোহাম্মদ ইফতেখার হোসেন
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২২২৩-৩১৪৬১৯ (অফিস)
pdlandautomation@gmail.com

সংযুক্ত : বর্ণনামতে - ০২ (দুই) ফর্দ

জেলা প্রশাসক
ও উপ-প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
.... জেলা (সকল)

অনুলিপি (সদয় অবগতি কার্যার্থে/ জ্ঞাতার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। চেয়ারম্যান (সচিব), ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
৪। চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫। মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
৬-১১। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। বিভাগীয় কমিশনার ....(সকল)
১৩-১৪। উপ-প্রকল্প পরিচালক (আইসিটি/ বাস্তবায়ন), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
১৫-১৬। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়/ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প [তাঁকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১৭। সহকারি কমিশনার (ভূমি)............(সকল)
১৮-১৯। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়/ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প [তাঁকে পত্রটি প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
২০। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
২১। টেকনিক্যাল টিম লিডার, পিএমসি, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
২২-২৬। এমডি/সিইও, মাইসফট হেভেন (বিডি) লিমিটেড-বিজনেস অটোমেশন লিমিটেড-অলিভিন লিমিটেড-পার্কওয়ে টেকনোলজি লিমিটেড (JV)/ মাইসফট হেভেন (বিডি) লিমিটেড/ সফটবিডি লিমিটেড/ বিজনেস অটোমেশন লিমিটেড/ অলিভিন লিমিটেড/ডিডিসি লিমিটেড

Scanned with CamScanner